ভোরের কাগজ

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

## ভিসি ও প্রক্টরের অপসারণ দাবি

# ঢাবির ছাত্রীনিবাসে পুলিশি হামলার প্রতিবাদে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে মিছিল-সমাবেশ

নপদ ডেস্ক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীনিবাস শামসুন্নাহার হলে ভীর রাতে পুলিশের নগ্ন হামলা ও ছাত্রীদের নির্যাতনের প্রতিবাদে বিভিন্ন স্থানে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। এসব মাবেশে বক্তারা বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. আনোয়ার উল্লাহ চৌধুরী ও প্রক্টর ড. নজরুল ইসলামের অপসারণ দাবি করেছে। এ সম্পর্কে আমাদের প্রতিনিধিদের পাঠানো প্রতিবেদন :

**ট্টগ্রাম :** পুলিশি বাধার মুখেও রোববার চট্টগ্রামের বিভিন্ন স্থানে ংলাদেশ ছাত্রলীগ আহূত আজ মঙ্গলবারের দেশব্যাপী সকাল-সন্ধ্যা তালের সমর্থনে মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। পাকিস্তানের মরিক াসক জেনারেল পারভেজ মোশারফের বাংলাদেশ সফর এবং ঢা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হলে পুলিশি হামলা ও পরবর্তী ঘটনাবলী প্রতিবাদে ছাত্রলীগ এই হরতাল আহ্বান করে।

ওম নি এসইএস কলেজ শাখা ছাত্রলীগ ও ছাত্র সংসদের যৌথ উ াগে কলেজ প্রাঙ্গণে এ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। ছাত্রলী লেজ শাখার সভাপতি আবুল হোসেন আবুর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে ছাত্রলীগ নেতারা পাকিস্তানি সামরিক শাসকের বাংলাদেশ সফরের তীব্র প্রতিবাদ জানিয়ে বলেছে বাংলাদেশের মতো গণতান্ত্রিক দেশে কোনো সামরিক শাসকের পদার্পণ ছাত্রজনতা মেনে নিতে পারে না। সমাবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হলে পুলিশি হামলা এবং পরবর্তী ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে ঘটনার নিরপেক্ষ তদন্ত ও বিচার এবং ভিসি-প্রক্টরের অপসারণ দাবি করা হয়। ছাত্রলীগ সিটি কলেজ শাখার উদ্যোগেও কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত মিছিল ও সমাবেশে ছাত্রলীগ নেতারা আজকের হরতাল সফল করার আহ্বান জানান।

বাংলাদেশ ছাত্রমৈত্রী চট্টগ্রাম জেলা শাখা গত রোববার কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে বিক্ষোভ সমাবেশ করেছে। কায়সার আলমের ভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ফারুক আহমেদ মল, বদরুন্নেছা সুরভী, আশরাফুল ইসলাম।

সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল নগরীর গুরুত্বপূর্ণ সড়ক ক্ষিণ করে।

অন্যদিকে বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা এক প্রেস বিজ্ঞপ্তিতে এই ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানিয়ে নিরপেক্ষ তদন্ত এবং ভিসি ও প্রক্টরের পদত্যাগ দাবি করেছে।

**বগুড়া :** বগুড়ায় রোববার দুপুর ১২টায় জাসদ সমর্থিত ছাত্রলীগ স্থানীয় সাতমাথায় মানববন্ধন কর্মসূচি পালন ও সমাবেশ করে। অপর দিকে আওয়ামী সমর্থিত ছাত্রলীগের উদ্যোগে শহরে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জাসদ সমর্থিত ছাত্রলীগ সাতমাথায় আধাঘণ্টা মানববন্ধন কর্মসূচি পালন শেষে এক প্রতিবাদ সমাবেশ জোবায়ের হাসান লিটনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বক্তব্য রাখেন আলম, আতিকুজ্জামান তুহিন, মিজানুর রহমান, এম আই বিপ্লব, শহিদুল ইসলাম ডাবলু, ফিরোজ আহমেদ, শামীম, সেলিম, এলিন প্রমুখ।

অপর দিকে আওয়ামী লীগ সমর্থিত ছাত্রলীগের প্রতিবাদসভা রুহুল মোমিন তারিকের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন এডভোকেট জাকির হোসেন নবাব, মোস্তাক আহমেদ লিংকন, মাহফুজুল ইসলাম ভুইয়া, সাজেদুর রহমান প্রমুখ। বক্তারা শামসুন্নাহার হলে পুলিশি হামলা ও বগুড়ার আওয়ামী লীগ নেতা আযম হত্যার নিন্দা জানান।

**নারায়ণগঞ্জ :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল ছাত্রীদের উপর বর্বর হামলাকারীদের পক্ষ নিলেও সরকারি তোলারাম বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্রদল এ ঘটনার প্রতিবাদে মিছিল-সমাবেশ করেছে। কলেজে ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক নূর হোসেন খান মুকুল স্বাক্ষরিত এক প্রেসজ্ঞিপ্তিতে বলা হয়, গভীর রাতে শামসুন্নাহার হলে পুলিশের নগ্ন হামলার প্রতিবাদে গত রোববার সকালে কলেজ শাখা ছাত্রদল একটি মিছিল বের করে। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবার কলেজে ফিরে এসে এক ছাত্রসমাবেশে মিলিত হয়।

কলেজ শাখা ছাত্রদলের আহ্বায়ক আহসানুল হক খান বিদ্যুৎতের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন যুগ্ম আহ্বায়ক মনিরুজ্জামান, এস এম আব্দুল্লাহ কাজল, স্বপন খান সেতু, শাহীন সারোয়ার, আলমগীর হোসেন, সাইফুল ইসলাম সোহেল, কাকলী আহমেদ, উর্মি, ময়না, পিন্টু, সোহেল প্রমুখ।

সমাবেশে বিদ্যুৎ বলেন, দলের অভ্যন্তরীণ কোন্দলের সুযোগ নিয়ে কিছু অসাধু রাজনৈতিক ব্যক্তিত্ব শিক্ষাঙ্গনের পরিবেশ নষ্ট করছে। এর সুষ্ঠু সমাধানের জন্য সমস্ত কলেজ, বিশ্ববিদ্যালয়ের আবাসিক ছাত্রাবাস থেকে বহিরাগত সন্ত্রাসীদের বিতাড়িত করতে হবে। তিনি বলেন, গভীর রাতে শামসুন্নাহার হলে পুলিশের নগ্ন হামলা জাতির বিবেককে স্তব্ধ করে দিয়েছে।

**রাজশাহী :** অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ে খুলে দেওয়ার দাবিতে গণতান্ত্রিক ছাত্রঐক্য রোববার সন্ধ্যায় রাজশাহী মহানগরীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। সাহেব বাজার জিরো পয়েন্টে আয়োজিত সমাবেশে বক্তারা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে পুলিশি হামলার নিন্দা জানিয়ে উপাচার্য ও প্রক্টরের অপসারণ দাবি করেন